# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৪২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ (২৩) কিয়ামুল লাইল

## 23 ـ فَصْلٌ فِي قِيَامِ اللَّيْلِ

আরবী

2542 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْحَنْظَلِيُّ قَالَ: أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ قَتَادَةَ عَنْ زُرَارَةَ بْنِ أَوْفَى قَالَ: أَخْبَرَنَا سَعْدُ بْنُ هِشَامِ بْنِ عَامِرٍ ـ وَكَانَ جَارًا لَهُ ـ: أَنَّهُ قَالَ لِعَائِشَةَ: أَخْبِرِينِي عَنْ خُلُقِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ: أَلَسْتَ تَقْرَأُ الْقُرْآنَ؟ قُلْتُ: بَلَى قَالَتْ: خُلُقُ نَبِيِّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ الْقُرْآنَ قَالَ: فَهَمَمْتُ أَنْ أَقُومَ وَلَا أَسْأَلُهَا عَنْ شَيْءٍ فَقُلْتُ: يَا أُمَّ الْمُؤْمِنِينَ أَنْبِئِينِي عَنْ قِيَامِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ: أَلَسْتَ تَقْرَأُ هَذِهِ السُّورَةَ {يَا أَيُّهَا الْمُزَّمِّلُ} [المزمل: 1]؟ قُلْتُ: بَلَى قَالَتْ: فَإِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا افْتَرَضَ الْقِيَامَ فِي أَوَّلِ هَذِهِ السورة فقام نبي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَصْحَابُهُ حَوْلًا حَتَّى انْتَفَخَتْ أَقْدَامُهُمْ وَأَمْسَكَ اللَّهُ خَاتِمَتَهَا اثْنَيْ عَشَرَ شَهْرًا فِي السَّمَاءِ ثُمَّ أَنْزَلَ اللَّهُ جَلَّ وَعَلَا التَّخْفِيفَ فِي آخِرِ هَذِهِ السُّورَةِ فَصَارَ قيام الليل تطوعاً بعد فريضته.
الراوي : سَعْدُ بْنُ هِشَامِ بْنِ عَامِرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2542 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1213): م.

বাংলা

২৫৪২. সা'দ বিন হিশাম বিন আমির থেকে বর্ণিত, তিনি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে জিজ্ঞেস করেন, “আপনি আমাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চরিত্র সম্পর্কে অবহিত করুন।” জবাবে তিনি বলেন, “তুমি কি কুরআন পড়নি?” আমি বললাম, “অবশ্যই।” তিনি বলেন,“আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চরিত্র

ছিল হুবহু কুরআন।” রাবী বলেন, “আমার মনে হলো যে, আমি উঠে যাব আর কোন কিছু সম্পর্কে জিজ্ঞেস করবো না। অতঃপর বললাম, “হে উম্মুল মু’মিনূন রাদ্বিয়াল্লাহু আনহা, আপনি আমাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কিয়াম সম্পর্কে অবহিত করুন।” জবাবে তিনি বলেন, “তুমি কি يَا أَيُّهَا الْمُزَّمِّلُ (হে চাদরাবৃত ব্যক্তি।–সূরা মুযাম্মিল: ১) পড়নি?” আমি বললাম, “জ্বী, পড়েছি।” তিনি বলেন, “নিশ্চয়ই আল্লাহ তা‘আলা এই সূরার প্রথমে কিয়ামুল লাইল ফরয করেছেন। অতঃপর আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর সাহাবীগণ এক বছর এতো অধিক পরিমাণ কিয়াম করেন যে, তাদের পা ফুলে যেতো। মহান আল্লাহ আয়াতের শেষাংশ ১২ মাস আসমানে রেখে দেন। তারপর মহান আল্লাহ সূরার শেষে সহজতার বিধান অবতীর্ণ করেন। ফলে কিয়ামুল লাইল ফরযের পর নফলে পরিণত হয়।”[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৭১৪; সহীহ ইবনু খুযাইমাহ: ১০৭৮।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১২১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সা'দ ইবন হিশাম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91868

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন